# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৫৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতের তাশাহহুদের পর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উপর সালাত বা দরুদ পাঠ করার জন্য লোকদের নির্দেশ প্রদান করা হয়েছে মর্মে বর্ণনা

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَرْءَ مَأْمُورٌ بِالصَّلَاةِ عَلَى النَّبِيِّ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي صَلَاتِهِ عِنْدَ ذِكْرِهِ إِيَّاهُ بَعْدَ التَّشَهُّدِ

---

আরবী

1957 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ مَوْلَى ثَقِيفٍ قَالَ: حَدَّثَنَا يُوسُفُ بْنُ مُوسَى الْقَطَّانُ قَالَ: حَدَّثَنَا الْمُقْرِئُ قَالَ: حَدَّثَنَا حَيْوَةُ بْنُ شُرَيْحٍ قَالَ: حَدَّثَنِي أَبُو هَانِئٍ حُمَيْدُ بْنُ هَانِئٍ أَنَّ أَبَا عَلِيٍّ عَمْرَو بْنَ مَالِكٍ الْجَنْبِيَّ حَدَّثَهُ أَنَّهُ سَمِعَ فَضَالَةَ بْنَ عُبَيْدٍ يَقُولُ: سَمِعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلًا يَدْعُو فِي صَلَاتِهِ لَمْ يَحْمَدِ اللَّهَ وَلَمْ يُصَلِّ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (عَجِلَ هَذَا) ثُمَّ دَعَاهُ فَقَالَ لَهُ: (إِذَا صَلَّى أَحَدُكُمْ فَلْيَبْدَأْ بِتَحْمِيدِ اللَّهِ وَالثَّنَاءِ عَلَيْهِ ثُمَّ لْيُصَلِّ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثم لْيَدْعُ بعد بما شاء)
الراوي : فَضَالَة بْن عُبَيْد | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1957 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صفة الصلاة)) , ((صحيح أبي داود)) (1331).

বাংলা

১৯৫৭. ফাযালা বিন উবাইদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক ব্যক্তিকে সালাতে দু'আ করতে শুনলেন, যিনি আল্লাহর প্রশংসা করেননি এবং নাবী  সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উপর সালাত তথা দরুদ পেশ করেননি। তখন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “এই ব্যক্তি তাড়াহুড়া করেছে।” তারপর তিনি তাকে ডেকে নেন অতঃপর বলেন, “যখন তোমাদের কেউ সালাত আদায় করবে (অথবা দু'আ করবে), সে যেন প্রথমে আল্লাহর প্রশংসা ও তাঁর গুণকীর্তন করে তারপর নাবী সাল্লাল্লাহু

আলাইহি ওয়া সাল্লামের উপর সালাত পেশ করে তারপর সে যেন দু‘আ করে, যা সে দু‘আ করতে চায়।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/১৮; আবূ দাউদ: ১৪৮১; তিরমিযী: ৩৪৭৭; তাবারানী আল কাবীর: ১৮/৭১৯; তাহাবী, মুশকিলুল আসার: ৩/৭৬; সুনান বাইহাকী: ২/১৪৭-১৪৮; সহীহ ইবনু খুযাইমাহ: ৭১০; হাকিম: ১/২৩০; তাবারানী: ১৮/৭৯২; নাসাঈ: ৩/৪৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৩৩১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ফাযালা ইবন উবায়দ (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91274

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন